



**Sudip Roy Barman**  
MINISTER

**Government of Tripura**  
Department of Health & FW,  
Science, Tech. & Environment,  
I&C (IT), PWD (DWS)  
☎: 0381-241-4047  
☎: +91 9436123541  
✉: sudip.roybarman@gmail.com

D.O. No..... Date .....

**১৫ সেপ্টেম্বর ২০১৮ ইং হাম-রুবেলা টিকাকরণ অভিযান**  
**মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রীর আবেদন**

মাননীয়/মাননীয়া,

জেলাস্তরের নির্বাচিত সদস্য-সদস্যাবৃন্দ /রকস্তরে পঞ্চায়েতের নির্বাচিত সদস্য-সদস্যাবৃন্দ/ মহাবিদ্যালয়ের অধ্যক্ষ/অধ্যক্ষা, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাশয়/মহাশয়া, অঙ্গনওয়াড়ি কর্মী/ আশা বোনেরা,

আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে, আমাদের দেশকে হাম মুক্ত করতে এবং রুবেলা নিয়ন্ত্রণ করতে কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর সার্বজনীন টিকাকরণ কর্মসূচীতে হাম-রুবেলা টিকা চালু করার পদক্ষেপ নিয়েছে। হাম-রুবেলা টিকাকরণ অভিযানের মাধ্যমে ৯ মাস থেকে ১৫ বছর বয়স পর্যন্ত দেশের প্রত্যেকটি শিশুকে পর্যায়ক্রমে এই টিকা দেওয়া হবে।

আমাদের রাজ্যেও ১৫ সেপ্টেম্বর, ২০১৮ থেকে এই টিকাকরণ অভিযান শুরু হতে চলেছে। এই টিকাকরণ অভিযানে রাজ্যের ৯ মাস থেকে ১৫ বছর বয়স পর্যন্ত প্রত্যেকটি শিশুকে পর্যায়ক্রমে হাম-রুবেলা টিকা দেওয়া হবে।

হাম একটি মারাত্মক রোগ এবং শিশুদের বিকলাঙ্গতা বা মৃত্যুর একটি বড় কারণ। হাম সংক্রামিত ব্যক্তির কাশি এবং সর্দির মাধ্যমে ছড়ায় এবং নিউমোনিয়া, ডায়ারিয়া এবং মস্তিষ্ক সংক্রমণের মত প্রাণনাশক সমস্যার সৃষ্টি করতে পারে। পাশাপাশি গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে, গর্ভাবস্থার প্রথম দিকে রুবেলা সংক্রমণ জন্ম এবং নবজাতকের জন্য মারাত্মক এমনকি প্রাণনাশকও হতে পারে। গর্ভাবস্থার প্রথম দিকে রুবেলা সংক্রমণে আক্রান্ত অ-সুরক্ষিত মায়েদের গর্ভজাত শিশুদের মধ্যে দীর্ঘমেয়াদী জন্মগত বিকৃতি যেমন চোখ (গ্লুকোমা, ছানি), কান (কানের না শোনা), মস্তিষ্ক (মাইক্রোসেফালি, মস্তিষ্ক বিকৃতি) এবং হৃদযন্ত্রের সমস্যায় ভোগার বেশি সম্ভাবনা থাকে। রুবেলার কারণে গর্ভবতী মহিলাদের গর্ভপাত, গর্ভস্রাব এবং অপরিণত বা মৃত সন্তান প্রসবের মত ঘটনা ঘটতে পারে।

তাই হাম এবং রুবেলার মত মারাত্মক দুইটি রোগের কুপ্রভাব থেকে রক্ষা পেতে ৯ মাস থেকে ১৫ বছর বয়সের ছেলে-মেয়েদের হাম-রুবেলার একটি টিকা দিতে হবে। পূর্বে হামের টিকা নেওয়া থাকলেও হাম-রুবেলার টিকা ছেলে-মেয়েদের অবশ্যই লাগানো উচিত।

১৫ সেপ্টেম্বর, ২০১৮ ইং তারিখ থেকে রাজ্যের সমস্ত সরকারি স্বাস্থ্যকেন্দ্র, উপস্বাস্থ্যকেন্দ্র, অঙ্গনওয়াড়ি কেন্দ্র এবং বিদ্যালয়ে ৯ মাস থেকে ১৫ বছর বয়সের ছেলে-মেয়েদের এই টিকা বিনামূল্যে দেওয়া হবে।

রাজ্যের শিশুদের সুস্বাস্থ্য এবং সুন্দর ভবিষ্যৎ গঠনের লক্ষ্যে এই টিকাকরণ কর্মসূচীকে সর্বতোভাবে সাফল্যমন্ডিত করতে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য। আশা করি আপনারা নিজ নিজ এলাকার জনসাধারণের মধ্যে হাম-রুবেলা টিকাকরণের গুরুত্ব সম্পর্কে সচেতনতা সৃষ্টি করবেন এবং এই টিকাকরণ কর্মসূচীর সফল বাস্তবায়নে আপনার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।

*সুদীপ রায় বর্মান*

(সুদীপ রায় বর্মান)

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী  
ত্রিপুরা সরকার